

যুগান্তর

গোদাগাড়ীর হরমোন স্প্রে করা টমেটো বন্ধের নির্দেশ খাদ্যমন্ত্রীর

প্রকাশ : ১১ জানুয়ারি ২০২০, ১৪:৪৩ | অনলাইন সংস্করণ

👤 রাজশাহী ব্যুরো



গোদাগাড়ীর হরমোন স্প্রে করা টমেটো। ছবি: যুগান্তর

রাজশাহীর গোদাগাড়ী এলাকায় উৎপাদিত টমেটো চালান বন্ধের নির্দেশ দিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

শনিবার সকালে নওগাঁ থেকে চাঁপাইনবাবগঞ্জ যাওয়ার পথে গোদাগাড়ী এলাকায় টমেটোতে হরমোন স্প্রে করার ঘটনা নিজ চোখে দেখেন তিনি।

গাড়ি থেকে নেমে স্প্রে করা টমেটোর নমুনা সংগ্রহ করেন। এরপর উপস্থিত গোদাগাড়ী নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে নির্দেশ দেন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত টমেটো চালান বন্ধ রাখতে।

এদিকে বিষয়টি নিয়ে টমেটো চাষীদের মাঝে ব্যাপক প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে।

উল্লেখ্য রাজশাহী গোদাগাড়ীতে দেশের মধ্যে টমেটো উৎপাদকারী প্রধান এলাকা। এই এলাকার টমেটো প্রসিদ্ধ এবং সারা দেশের টমেটোর চাহিদা পূরণ হয়ে থাকে।

টমেটোর চালান বন্ধের বিষয়ে জানতে চাইলে রাজশাহীর জেলা প্রশাসক মো. হামিদুল হক শনিবার দুপুরে যুগান্তরকে বলেন, খাদ্যমন্ত্রী আপাতত গোদাগাড়ী থেকে টমেটোর চালান বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন।



টমেটোতে স্প্রে করা হরমোন পরীক্ষার জন্য শনিবার বিকালের মধ্যে ঢাকা থেকে জরুরিভাবে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের একটি বিশেষজ্ঞ দল রাজশাহীতে পৌঁছাবে। পরীক্ষা নিরীক্ষার পর জানা যাবে টমেটোতে স্প্রে করা হরমোন মানবদেহের জন্য কতটা নিরাপদ অথবা ক্ষতিকর। রোববারই বিষয়টি সম্পর্কে সিদ্ধান্ত জানা যাবে।

এর আগে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার শনিবার সকালে নিজ নির্বাচনী এলাকা নওগাঁর নিয়ামতপুর থেকে চাঁপাইনবাবগঞ্জ যাচ্ছিলেন। এ সময় গোদাগাড়ী পৌরসভার লালবাগ এলাকা অতিক্রমের সময় তিনি দেখতে পান বিশাল মাঠের মধ্যে পলিথিন বিছিয়ে কয়েকশ মণ কাঁচা টমেটো ছড়িয়ে রেখে ইথানল নামে এক জাতীয় হরমোন স্প্রে করা হচ্ছে।

তিনি গাড়ি থামিয়ে দুটি স্তুপ থেকে ৫ কেজি করে মোট ১০ কেজি স্প্রে করা টমেটো জব্দ করেন। সেই সঙ্গে স্প্রে করা হরমোনের কয়েকটি বোতলও জব্দ করেন। সেখানে উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার নাজমুল হোসেন সরকার ও উপজেলা কৃষি কর্মকর্তা শফিকুল ইসলামের কাছে জব্দ করা টমেটো ও হরমোন হস্তান্তর করে জরুরিভাবে রাসায়নিক পরীক্ষার ব্যবস্থা করতে বলেন।

পরীক্ষার ফল না আসা পর্যন্ত গোদাগাড়ী থেকে টমেটোর কোন চালান যাতে না পাঠানো যায় সেই পদক্ষেপ নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

মন্ত্রী রাজশাহীর জেলা প্রশাসককেও প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ফোনে নির্দেশ দিয়ে চাঁপাইনবাবগঞ্জে চলে যান।

অন্যদিকে খাদ্যমন্ত্রীর নির্দেশ পাওয়ার পর জেলা প্রশাসন জরুরিভাবে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কাছে জরুরিভাবে বিশেষজ্ঞ দল রাজশাহীতে পাঠানোর অনুরোধ করেন।

গোদাগাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা নাজমুল হোসেন সরকার জানান, টমেটো পরীক্ষার ফলাফল না আসা পর্যন্ত গোদাগাড়ী থেকে কোনো টমেটো দেশের কোথাও চালান বন্ধ রাখতে পুলিশ ও র্যাবকে পদক্ষেপ নিতে অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য রাজশাহীর গোদাগাড়ীতে প্রায় সাড়ে ৫ হাজার হেক্টর জমিতে উন্নতজাতের টমেটো উৎপন্ন হয়। প্রায় ১৯ হাজার চাষি টমেটো চাষে জড়িত।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩,
সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।